ইত্তেফাক

তারিখ ২২।৩।৮২ ... ...
পৃষ্ঠা ... ... ... কলাম ... ... ...

031

446

# অঙ্ক প্রশ্নে আবার ভুল ।। মুন্সীগঞ্জে প্রশ্ন ঘাটতি

(ইত্তেফাক রিপোর্ট)

ঢাকা বোর্ডের চলতি এসএসসি পরীক্ষায় গতকালের (শনিবার) নৈর্বাচনিক গণিতের পরীক্ষার প্রশ্নে জ্যামিতি অংশে গ (২)-এর অঙ্কটিতে মুদ্রণজনিত ভুল ছিল বলিয়া অভিযোগ পাওয়া গিয়াছে।

একটি ত্রিভুজের অভ্যন্তরে দুইটি লম্বের বিন্দু বর্ণনায় ইংরাজী BF ও CF লেখা হইয়াছে। অথচ ইহা BE ও CF না হইলে ফল মিলে না। নৈর্বাচনিক গণিতের জ্যামিতি খণ্ডের ১২৯ নং পৃষ্ঠায় (৮ম পৃঃ ৫-এর কঃ দ্রঃ)

# অঙ্ক প্রশ্নে ভুল

(১ম পৃঃ পর)

৭ নং অঙ্কটিই এই পরীক্ষায় আসিয়াছে। অঙ্কটির জন্য নম্বর ছিল ৭।

এদিকে গতকাল (শনিবার) মুন্সীগঞ্জ কেন্দ্রে এস এস সি পরীক্ষার অর্থনীতি বিষয়ে প্রশ্নের ঘাটতি পড়ে। ৩৭২ জন পরীক্ষার্থীর জন্য মাত্র ১২৫টি প্রশ্ন পৌঁছিয়াছিল। প্রতিবেঞ্চে তিনজন পরীক্ষার্থীকে বসাইয়া একটি করিয়া প্রশ্ন তিনজনকে দেওয়া হয়। ঢাকায় খবর পাঠাইয়া পরে বাড়তি প্রশ্ন নেওয়া হয়, কিন্তু উহাতে একঘণ্টা সময় লাগিয়া যায়।

উক্ত কেন্দ্রে ৬৮০ জন পরীক্ষার্থীর মধ্যে এ যাবৎ ১৪জনকে বহিষ্কার করা হইয়াছে।

অঙ্ক প্রশ্নে ভুলের কীর্তিতে কুমিল্লা শিক্ষা বোর্ডও পিছাইয়া নাই। দাউদকান্দি সংবাদদাতা জানান, গতকাল (শনিবার) গৃহীত নৈর্বাচনিক অঙ্কের প্রশ্নপত্রের (স্বর্ণলতা, ১৯৮১-র ১৭নং চিহ্নিত) ২ নং প্রশ্নে এই ভুল ছিল। বীজগণিত অংশের এই অঙ্কে $x^2 - 9x - 12 = 0$ অংশটিতে $x^2$-এর স্থলে $x^3$ হওয়ার কথা। প্রশ্নে ভুল থাকায় পরীক্ষার্থীরা বিভ্রান্তিতে পড়ে। অঙ্কটির নম্বর ছিল ৪।